

২১। ক্ষমতা।— (১) ধারা ২০ এর অধীন নিযুক্ত কোন মূল্য সংযোজন কর কর্মকর্তা এই আইনের দ্বারা বা অধীনে তাকে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ এবং তাহার উপর অর্পিত কর্তব্য পালন করিবেন; এবং তিনি তাহার অধঃস্তন যে কোন কর্মকর্তাকে প্রদত্ত বা তাহার উপর অর্পিত সকল ক্ষমতা প্রয়োগ ও কর্তব্য সম্পাদন করিতে পারিবেনঃ

তবে শর্ত থাকে যে, এই আইনের বা তদধীনে প্রণীত বিধিমালায় যাহা কিছুই থাকুক না কেন, বোর্ড, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা উক্ত ক্ষমতা প্রয়োগ ও কর্তব্য পালনের উপর উহা যেরূপ উপযুক্ত বিবেচনা করে, সেইরূপ পরিসীমা নির্ধারণ ও শর্ত আরোপ করিতে পারিবে।

(২) মূল্য সংযোজন কর কর্মকর্তাগণ মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক ও টার্নওভার করের পরিমাণ নির্ধারণ ও উহা আদায়সহ তৎসংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন করিবেন।